


DATE OF PUBLISHING
10th JUNE 2024

An Online News Bulletin for Preservation and Promotion of Bengali Language and Culture. An initiative of the Bengal Association, Delhi

# অ্যাসোসিয়েশন সংবাদ-২৭৫

## ASSOCIATION SAMBAD JUNE 2024

Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001Tel. 23344808
E.mail : bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com

জুন - ২০২৪

## সম্পাদকের কলমে

**"রৌদ্রতপ্ত বৈশাখে তুমি চাতকের সাথে চাহ জল,**
**আম কাঁঠালের মধুর গন্ধে জ্যৈষ্ঠে মাতাও তরুতল।"**

আমাদের এই ঋতুরঙ্গময়ী ভুবন, তার অপরূপ ছন্দময়ী বিচিত্ররূপে প্রকাশ্যমান। বিশ্বায়নের যুগে, ঐতিহ্যের বাঙালি, বাঙালির ঐতিহ্য, কালের আবহে রূপ রঙ বদলে ফেললেও নাড়ির টানে যেন একই সূত্রে গাঁথা হয়ে অনুভবে প্রাণ পায়। বাংলা অভিধানে তথা রবীন্দ্র নজরুলের কবিতায় চৈত্র মাস, মধুমাস হিসাবে স্থান পেলেও, জ্যেষ্ঠ মাসের তীব্র তাপদাহে, আমাদের যখন মন প্রাণ অতিষ্ঠ হয়ে উঠে, ঠিক তখনই, আম জাম লিচু কাঁঠালের ভেসে আসা মিষ্টি ঘ্রাণ আর মৌমাছির গুঞ্জরণে আকাশ বাতাস মুখরিত হয়ে, বাঙালির রসনা তৃপ্ত করে, নতুন নাম খুঁজে পায় এই মাস, 'মধুমাস' বিশেষণে।

দেশ কালের বিবর্তনে লোকজ পরম্পরায় এর সুর সঞ্চারিত হয়ে, একটি যুথবদ্ধ জনপদে যেমন নতুন ঐতিহ্য সৃষ্টি হয়, ঠিক তেমনই চিরাচরিত ভাবনায়, দেশ জুড়ে কোনায় কোনায় পালিত হয় নির্জলা একাদশী, গঙ্গা দশেরা, স্নানযাত্রা, বট পূর্ণিমা ইত্যাদি নানাবিধ উৎসব। মহারাষ্ট্রের সাংস্কৃতিক উৎসবের অন্যতম ঝলক হিসাবে, স্বামীর দীর্ঘায়ু এবং সুস্বাস্থ্যের জন্য স্থানীয় হিন্দু মহিলারা উপবাসের মাধ্যমে, প্রার্থনার মধ্য দিয়ে বট গাছের চারপাশে সুতো বেঁধে বট পূর্ণিমা উৎসব পালন করেন। এই উৎসবকে কেন্দ্র করে, মহিলারা তাঁদের একঘেয়েমি জীবন থেকে একটু সরে, ঐতিহ্যগত গান, নৃত্য এবং নানাবিধ লোভনীয় খাবারের আয়োজনে, নতুন করে জীবনের আনন্দ খুঁজে পান। শোনা যায়, এই কোঙ্কনি মহিলা মহোৎসবের সাথে উত্তর ভারতের করওয়া চৌথ উৎসবের নাকি কিছুটা মিল খুঁজে পাওয়া যায়।

## বেঙ্গল অ্যাসোসিয়েশন নিজস্ব সংবাদ

দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লি তথা সন্নিহিত অঞ্চলে বসবাস করা লক্ষাধিক বাঙালীর কথা ভেবে, গত সাড়ে তিন দশকেরও বেশি সময় ধরে, রবীন্দ্র জয়ন্তীর প্রভাতী অনুষ্ঠানের মর্য্যাদা রক্ষায় ব্রতী। গত ৫ই মে, সকাল সাড়ে ছ'টা থেকে দুপুর গড়িয়ে, প্রতিবারের ন্যায় এবারেও, বেঙ্গল অ্যাসোসিয়েশনের এই প্রভাতী অনুষ্ঠান সাড়ম্বরে পালিত হয়েছে দিল্লির রবীন্দ্রভবন প্রাঙ্গণে। পঁচিশে বৈশাখের উদ্ভাসিত আলোয়, বাঙালি-অবাঙালি নির্বিশেষে, কয়েকহাজার রবীন্দ্রপ্রেমী আগমনে,

শতাধিক শিল্পীর পরিবেশনায় এই পবিত্র প্রাঙ্গণ পুনরায় মুখরিত হয়ে উঠেছিলো। এবারের এই শ্রদ্ধাঞ্জলী অনুষ্ঠানে, নতুন প্রজন্মকে শিল্প ও সংস্কৃতির ব্যাপারে সচেতন করতে, একটি বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছিল। রাজধানী দিল্লি সহ সন্নিহিত অঞ্চলের প্রায় শতাধিক শিশু কিশোর, রং পেন্সিল সহযোগে সাদা কাগজে কবিগুরুকে নানা আঙ্গিকে রূপদান করে, উপস্থিত সকলকে অভিভূত করেছিলো। আর এই সকল শিশু কিশোরদের উৎসাহ প্রদান করতে সশরীরে প্রাঙ্গণ আলোকিত করেছিলেন বেশ কয়েকজন স্বনামধন্য গুণী চিত্রশিল্পী। এই পুন্য লগ্নে, শিশু কিশোরদের সাথে এনারাও হাতে তুলে নিয়েছিলেন রং আর তুলি। আর এই বিশেষ উদ্যোগকে সফল করে তুলতে, বিশেষভাবে কৃতজ্ঞতা জানাই, রাজধানী শহরের অন্যতম সৃজনশীল সংস্থা "শিল্প সংস্তুতি"কে। যাঁদের সযত্ন সহায়তা না পেলে, এমন অভিনব উদ্যোগ কখনোই প্রাণ পেতো না।

রবীন্দ্রজয়ন্তীর এই প্রভাতী অনুষ্ঠানের মাঝে একঝাঁক গুণী মানুষের উজ্জ্বল উপস্থিতিতে, আমাদের "দিগঙ্গন" সাহিত্য পত্রিকার বৈশাখ সংখ্যার আনুষ্ঠানিক প্রকাশ হয়েছিল। প্রসঙ্গতঃ উল্লেখ্য, এবারে দিল্লি ও পার্শ্ববর্তী অঞ্চলের দিগঙ্গন পত্রিকার আজীবন সদস্যদের  বিশেষ কারণবশতঃ ডাকযোগে পাঠানো সম্ভব হয়ে ওঠে নি। তাই যাঁরা এখনও আপনাদের গ্রাহক সংখ্যা হাতে পাননি, তাঁরা অবশ্যই আমাদের বঙ্গ সংস্কৃতি ভবনের মুক্তধারা অফিস থেকে সংগ্রহ করে নিতে পারেন। এই অনিচ্ছাকৃত অসুবিধার জন্য, আমরা আন্তরিকভাবে দুঃখিত।

দিল্লির "বেঙ্গল অ্যাসোসিয়েশন" এবং রাজধানী শহরের অন্যতম সৃজনশীল সংস্থা, "শিল্প সংস্তুতি"র যৌথ উদ্যোগে, বিশ্ব পরিবেশ দিবসের পুন্য লগ্নে এই বছরই প্রথম স্থানীয় মেধাবী শিশু কিশোরদের নিয়ে একটি অভিনব অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। গত ৫ই জুন, বঙ্গ সংস্কৃতি ভবনের মুক্তধারা অডিটোরিয়ামে, সন্ধ্যা ঠিক সাড়ে ছ'টায়, GEMS (গ্রিন আর্থ মুভি স্ক্রিনিং) শীর্ষক ২৮টি চলচ্চিত্র প্রদর্শন করার মাধ্যমে, এই বিশেষ প্রদর্শনে প্রায় চল্লিশজন শিশু কিশোর তাদের নিজস্ব সৃজনশীলতার প্রকাশ ঘটাতে সক্ষম হলো। অবশ্য এই ২৮টি ছবির মধ্যে, শুধু দিল্লি নয় সংযুক্ত আরব আমিরাত এবং মার্কিন যুক্তরাষ্ট্রে দুটি ছবিও দেখানো হয়েছে। এছাড়া প্রায় ১৬জন শিশু নানা আঙ্গিকে নৃত্য ও সঙ্গীত পরিবেশনে তাদের সৃজনশীল সৃষ্টির প্রকাশে উপস্থিত সকলকে আনন্দদান করেছিল। এমন একটি আনন্দঘন সন্ধ্যায়, পরিবেশ দিবসকে উদ্‌যাপন করতে, আমাদের আমন্ত্রণে উপস্থিত ছিলেন, দেশের বেশ কিছু গুণী ব্যক্তিত্ব। দেশের বর্জ্য ব্যবস্থাপনা, নবায়নযোগ্য শক্তি এবং বন সংরক্ষণ সংক্রান্ত উদ্যোগে, বিশিষ্ট ব্যক্তিবর্গ তথা




ON WORLD ENVIRONMENT DAY

## OUR LI'L GREEN WARRIORS

PRESENT

# GEMS

GREEN EARTH MOVIE SCREENING

Screening of short films on Environment, made by the children in their own style

5th JUNE 2024, WEDNESDAY • 6.30 PM
MUKTADHARA AUDITORIUM, BANGA SANSKRITI BHAVAN,
18-19 BHAI VEER SINGH MARG, GOLE MARKET , N.DELHI

পরিবেশবিদ, যথাক্রমে অধ্যাপক ডঃ শ্যামলা মণি, ডঃ বারীন্দ্রনাথ গাঙ্গুলী, অধ্যাপক ডঃ বিবেক বন্দ্যোপাধ্যায় এবং ডঃ অমিতাভ সেনগুপ্ত। এঁনারা প্রত্যেকেই তাঁদের ব্যক্তিগত অভিজ্ঞতা শেয়ার করলেন উপস্থিত সকলের মাঝে। লিটল গ্রিন ওয়ারিয়র্সের পক্ষ থেকে, বিশিষ্ট গিটারিস্ট দীপক ক্যাসেলিনো তাঁর সঙ্গীত মূর্চ্ছনায় সকলকে আনন্দদান করতে হাজির ছিলেন। সবথেক খুশির খবর, দেশের বিখ্যাত আদিত্য গ্রুপ, এই অনুষ্ঠানে, গ্রীন ওয়ারিয়র্স, ছোট ফিল্ম নির্মাতা এবং ক্ষুদ্র অভিনয়শিল্পীদের, সৃষ্টিশীল কাজে উৎসাহ প্রদান করতে সকল অংশগ্রহণকারীদের শংসাপত্র এবং সামান্য উপহার বিতরণ করেছিলেন, যা আমাদের বড় প্রাপ্তি। এমন একটি উদ্যোগকে, সকলের সহযোগিতায় এতো সুন্দর করে প্রাণ প্রতিষ্ঠা করার জন্য, বিশেষ কৃতজ্ঞতা জানাই।

# বেঙ্গল অ্যাসোসিয়েশনের আগামী অনুষ্ঠান।

আমাদের সবার হৃদয়ে রবিঠাকুর সযত্নে বসবাস করলেও চেতনাতে জড়িয়ে আছেন দুখু মিঞা। আমরা প্রায় সকলেই জানি, গত ২৫শে মে, বাংলা ভাষা ও সাহিত্যের অন্যতম প্রাণপুরুষ, কবি কাজী নজরুল ইসলামের ১২৫তম জন্মবার্ষিকী উদযাপন করা হয়েছে। এই মুহূর্তে সমগ্র দেশ জুড়ে নানা জায়গায়, যথাযথ মর্য্যাদায় ওনার জন্মবার্ষিকী উপলক্ষ্যে নানাবিধ সাংস্কৃতিক অনুষ্ঠান উদযাপিত হলেও, ভাবতে খারাপ লাগে, হৃদয়ে থাকা রবিঠাকুর বারবার গুরুত্ব পেয়ে, বাঙালিদের চেতনা সঠিক ভাবে উদ্বুদ্ধ না হয়ে, কাজী সাহেব বরাবরই ব্রাত্য থেকে গেছেন। প্রতিবছর ঘটা করে, দেশ জুড়ে রবীন্দ্রজয়ন্তী সাড়ম্বড়ে পালিত হলেও, কোথাও কোথাও রবীন্দ্র নজরুল সন্ধ্যাও আয়োজন হয়, কিন্তু সেক্ষেত্রেও রবিঠাকুর তাঁর পাল্লা ভারী রাখেন সর্বদা।

রবীন্দ্র জয়ন্তী উপলক্ষ্যে প্রভাতী অনুষ্ঠান দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের একটি ঐতিহ্যপূর্ণ উৎসব, একথা আলাদা করে বলার অপেক্ষা রাখে না। প্রতিবছরই আমাদের এই ঐতিহ্যবাহী অনুষ্ঠানে, আবাল-বৃদ্ধ-বনিতা তাঁদের সেরা পরিবেশনের জন্য আমাদের কাছে আবেদন করেন। কিন্তু আমাদের প্রভাতী অনুষ্ঠান ৬-৭ ঘন্টা ব্যাপী হলেও আমরা সকল উৎসাহী মানুষকে সুযোগ করে দিতে সক্ষম হই না। আর বড়দের পাশাপাশি শিশু কিশোররা, সময়াভাবে অনেকসময় সুযোগ একটু কম পেয়ে থাকে। প্রতিবারই একটা খারাপ লাগা ভর করে আমাদের মাঝে। তাই আমাদের কার্যকরী সমিতি, বিশেষভাবে উদ্যোগ নিয়েছে শুধু ছোটদের জন্য কিছু করার। সেই ভাবনাকে কাজে লাগিয়েই আমরা ১৫ই জুন বিকালে আয়োজন


দিগঙ্গন
বৈশাখ ১৪৩১

করতে চলেছি, "ছোটোদের রবি-নজরুল" শীর্ষক একটি মনোজ্ঞ অনুষ্ঠানের। উক্ত অনুষ্ঠানের নিয়মাবলী সম্বলিত একটি পোস্টার আমরা সকলের অবগতির জন্য প্রচারের আলোয় এনেছি। প্রত্যেক অংশগ্রহণকারী শিশু কিশোররা যাতে বিশুদ্ধ সুরে বা উচ্চারণে তাদের গান বা কবিতা পরিবেশন করতে পারে সেটাই আমাদের একমাত্র উদ্দেশ্য। আশাকরি আমাদের এই একনিষ্ঠ উদ্যোগে, নবীনতম প্রজন্ম তাদের বাংলা সংস্কৃতির ভিত্তি গড়ে তুলতে সক্ষম হবে। বিশেষভাবে উল্লেখ্য, এই অংশগ্রহণের আমন্ত্রণ সকল শিশু কিশোরদের জন্য রাখা হলেও, সময়ভাবে একটি বিশেষ বাছাই পর্বের মাধ্যমে নির্দিষ্ট সংখ্যক প্রতিভাবান শিশু কিশোরদের আমরা উক্তদিনে মঞ্চে সুযোগ দিতে সক্ষম হবো।

আগামী ৩০শে জুন, রবিবার সন্ধ্যা ৬টায়, বেঙ্গল অ্যাসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভার আয়োজন করা হয়েছে। মাননীয় সকল সদস্যদের অনুরোধ করা হচ্ছে, আপনারা অবশ্যই বঙ্গ সংস্কৃতি ভবনের মুক্তধারা মঞ্চে অবশ্যই হাজির হয়ে নির্বাচনে অংশ নিয়ে অনুষ্ঠানটিকে সফল করে তুলুন। আপনাদের অবগতির জন্য জানাই, বিশেষ কারণবশতঃ সাধারণ সম্পাদকের রির্পোট সকল সদস্যদের আলাদা করে পাঠানো সম্ভবপর হচ্ছে না। নির্ধারিত মিটিংয়ের দিনে মুক্তধারা অফিসে পাওয়া যাবে। তবে যারা সভার আগে প্রতিবেদনের কপি পেতে চান তারা অনুগ্রহ করে সমিতির অফিসে যোগাযোগ করুন। প্রতিবেদনের অনুলিপি অনুরোধের ভিত্তিতে আগামী ২৫শে জুন থেকে উপলব্ধ হবে। বিস্তারিত জানতে আপনারা আমাদের মুক্তধারা অফিসে যোগাযোগ করতে পারেন।

## আনন্দ সংবাদ

বিশিষ্ট বাঙালি অভিনেত্রী, অনুসূয়া সেনগুপ্ত ওনার অভিনীত "দ্য শেমলেস" ছবির সৌজন্যে, কানস ফিল্ম ফেস্টিভ্যালে প্রথম ভারতীয় অভিনেত্রী হিসেবে, 'আনসার্টেন রিগার্ড' বিভাগে শ্রেষ্ঠ অভিনেত্রীর পুরস্কারে ভূষিত হলেন। ছবিটি পরিচালনা করেছেন, কনস্টান্টিন বোজানোভ। বুলগেরিয়ান এই পরিচালক মাত্র চারদিনে এই ছবির শুটিং করেছেন নেপাল এবং ভারত এই দুই জায়গা মিলিয়ে। বিশেষ ভাবে উল্লেখ্য, অনুসূয়ার হাত ধরেই এইবারই প্রথম এই বিশেষ পুরস্কারে ভূষিত হলো আমাদের দেশ। এই বিশেষ পুরস্কার অর্জন করে, তিনি একটি তৃতীয় লিঙ্গ ও অন্যান্য প্রান্তিক সম্প্রদায়ের মানুষদের জন্য উৎসর্গ করেন। দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের তরফ থেকে, এই অসামান্য কৃতিত্বের জন্য ওনাকে একরাশ অভিনন্দন জানানো হলো।


BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI
ছোটোদের
রবি-নজরুল
১৫ই জুন, ২০২৪ বিকাল সাড়ে ৫টা থেকে
মুক্তধারা অডিটোরিয়ামে

আমাদের দেশের প্রখ্যাত জিমন্যাস্ট দীপা কর্মকার, উজবেকিস্তানের তাসখন্দে আয়োজিত এশিয়ান জিমনাস্টিক চ্যামিম্পয়নশীপে স্বর্ণপদকে ভূষিত হলেন। এই আন্তর্জাতিক আসরে প্রথম ভারতীয় হিসাবে এশিয়ান সিনিয়র চ্যাম্পিয়নশিপে স্বর্ণপদক জিতে ইতিহাস সৃষ্টি করলেন ত্রিশ বছরের  দীপা। আজ আমরা গর্বিত একজন বাঙালি হিসেবে, আমরা গর্বিত একজন ভারতীয় হিসেবে। দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের তরফ থেকে একরাশ অভিনন্দন জানানো হলো।

## শোক সংবাদ

দিল্লির নাট্যজগৎ আবার শোকস্তব্ধ, স্বজন হারানোর বেদনায় ব্যথিত। গত ৯ই মে, রাজধানী শহরের অন্যতম নাট্যদল সৃজনী নাট্যগোষ্ঠীর জনপ্রিয় মঞ্চাভিনেত্রী তনিমা রায়ের অকাল প্রয়াণ ঘটেছে। কোভিড পরবর্তী সময়ে রাজধানী শহরের নতুন প্রজন্মের উৎসাহী নাট্যকর্মীরা যখন একাধিক বাংলা নাটকের সফল মঞ্চায়ন করে, আবার নতুন করে আশায় বুক বাঁধছেন, তখন এই দুঃসংবাদ সত্যিই মেনে নেওয়া সহজ নয়। যদিও জানি এই আকাশ এই বাতাস ছেড়ে সকলকেই একদিন যেতে হবে তবুও স্মৃতি, প্রেরণা বেঁচে থাকে মনের গভীরে। এরই লক্ষ্যে দিল্লির নাট্য জগতের কর্মীরা, লব্ধ অভিজ্ঞতাকে স্মরণ করে, ওনাকে শ্রদ্ধাজ্ঞাপন করে এক শোক সভার আয়োজন করেছিলেন, যা আগামী প্রজন্মের কাছে এক দৃষ্টান্ত হয়ে রইলো।

## বিশেষ সংবাদ

গত  ১৯শে মে, রবিবার মাতৃমন্দির কালীবাড়ির বিশেষ উদ্যোগে, বঙ্গ সংস্কৃতির আসর বসেছিল মাতৃমন্দির লাইব্রেরী হলে। প্রথা অনুযায়ী 'বাংলার মাটি বাংলার জল' গানটি সমবেত কণ্ঠে গেয়ে আসর শুরু হয়। সাহিত্য আকাশের দুই নক্ষত্র - বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এবং কবি কাজী নজরুল ইসলামকে স্মরণ করে তথা ভাষা শহীদদের প্রতি বিশেষ শ্রদ্ধা জানিয়ে সেদিন এই আসর প্রাণ পেয়েছিলো। উপস্থিত গুণী ব্যক্তিরা ভাষা আন্দোলন নিয়ে বক্তব্য রাখেন। এই অনুষ্ঠানে কীর্তন গান, রবীন্দ্রসঙ্গীত ও নজরুল গীতি সহ গান ও কবিতার যুগলবন্দী পরিবেশন করেন আমন্ত্রিত শিল্পীরা। বিপ্লবী রাসবিহারী বসু সম্পর্কে একটি মনোজ্ঞ আলোচনা করা হয়। মে মাসে যাদের জন্মমাস, আসরের পক্ষ থেকে একটি লাল গোলাপ দিয়ে তাঁদের দীর্ঘ সুস্থ জীবনের কামনা করা হয়। 'মোদের গরব মোদের আশা, আ মরি বাংলা ভাষা' গানটি গেয়ে আসরের সমাপ্তি ঘোষণা করা হয়।


BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI
আপনি কি বেঙ্গল অ্যাসোসিয়েশনের
সদস্য হতে চান?
অথবা সদস্যতা নেবার পর
ঠিকানা বা ফোন নং পরিবর্তিত হয়েছে?
যোগাযোগ করুন
বেঙ্গল অ্যাসোসিয়েশনের অফিসে
ফোন নংঃ
+91 7303400554
ইমেলঃ
bengalassociation1819@gmail.com
www.bengalassociation.com

গত ২৬শে মে দক্ষিণ দিল্লি কালিবাড়ির বিশেষ উদ্যোগে, কালিবাড়ি প্রাঙ্গণে বিনামূল্যে মেডিকেল চেকআপ ক্যাম্পের আয়োজন করা হয়েছিল। সহযোগিতায় হাত বাড়িয়ে দিয়েছিলেন দক্ষিণ দিল্লির দুটি বিশিষ্ট হাসপাতাল, সাধু বাসওয়ানি হাসপাতাল এবং শার্প সাইট আই হাসপাতাল। রাজধানী শহরে, প্রচণ্ড তাপ প্রবাহ সত্ত্বেও এই ক্যাম্পে অভূতপূর্ব সাড়া পাওয়া গেছে। আশেপাশের এলাকার প্রায় পঞ্চাশজন ব্যক্তি এই ক্যাম্পের সুবিধা গ্রহণ করেন। এই আয়োজনের দ্বিতীয়ার্ধে, হার্টফুলনেস সংস্থার পক্ষ থেকে একটি ধ্যান শিবিরেরও আয়োজন করা হয়েছিলো।

গত ২রা জুন, রবিবার, চিত্তরঞ্জন পার্কের বিপিনচন্দ্র পাল অডিটোরিয়ামে, রাজধানী দিল্লির জনপ্রিয় নাট্যসংস্থা, যাপনচিত্রের পঞ্চম নাট্যোৎসব সাড়ম্বরে পালিত হয়েছে। উক্ত সন্ধ্যায়, ঁঅর্চনা বসুর দ্বিতীয় প্রয়াণ বার্ষিকীতে নৈহাটী রঙ্গসেনার প্রযোজনা ‘শ্রীচরণকমলেষু’ (১২৫-এর অধিকবার মঞ্চস্থ হয়েছে) এবং যাপনচিত্রের ‘মহামায়া’ (দশম মঞ্চায়ন) মঞ্চস্থ করা হয়। প্রসঙ্গতঃ উল্লেখ্য, লক্ষ্ণৌ বেঙ্গলী ক্লাব এবং ইয়ং ম্যানস এস্যোসিয়েশন আয়োজিত ২০২৩-২৪ সারা ভারত পূর্ণাঙ্গ নাট্য প্রতিযোগিতায় এই নাটক দুটি যথাক্রমে প্রথম এবং দ্বিতীয় সেরা প্রযোজনার সম্মান পেয়েছে।

গত ৮ই জুন সন্ধ্যায়, দেশবন্ধু চিত্তরঞ্জন মেমোরিয়াল সোসাইটির উদ্যোগে, দিল্লির বাবা আলাউদ্দিন খান মিউজিক ফাউন্ডেশন, চিত্তরঞ্জন পার্কের চিত্তরঞ্জন ভবনে, গুরু পণ্ডিত যতীন ভট্টাচার্যের ৯৮তম জন্মবর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে একটি সান্ধ্যকালীন বৈঠকের আয়োজন করা হয়েছিল। বংশীবাদক হিমাংশু দত্ত এবং কণ্ঠে মনিস খানের যুগলবন্দী উপস্থিত শ্রোতাদের মন্ত্রমুগ্ধ করে রেখেছিলো।

গত ৯ই জুন, রবিবার সকালে, পরিবেশ দিবস উপলক্ষ্যে, পূর্বদিগন্ত ফাউন্ডেশন, রামকৃষ্ণ বিবেকানন্দ মিশন, নয়ডা এবং বেঙ্গলি কালচারাল অ্যাসোসিয়েশন, নয়ডা যৌথভাবে সমাজের অপেক্ষাকৃত দুর্বল শ্রেণীর বাচ্চাদের নিয়ে আর্ট কম্পিটিশন - “সেভ আর্থ” আয়োজন করতে চলেছে।

# রাজধানী এবং সন্নিহিত অঞ্চলের সাংস্কৃতিক সংবাদ

গত ১৫ই মে, চিত্তরঞ্জন পার্ক কালীমন্দির, নেতাজী সুভাষ হলে প্রভাতী মিলন তীর্থ (মর্ণিং ক্লাব) তাদের বার্ষিক মিলনোৎসব একটি বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে পালন করেছেন। রাজধানী শহরের এই সংগঠনটি প্রধানতঃ প্রবীণদের উৎসাহ ও উদ্দীপনায় আজও নিয়মিত ভাবে মিলিত হচ্ছে এবং নানা অনুষ্ঠান

অঙ্কুর ankur



মদনপুর খাদার অঞ্চলে প্রান্তিক শিশুদের জন্য
বেঙ্গল অ্যাসোসিয়েশনের স্কুল 'অঙ্কুর'।
স্কুলটির জন্য সাহায্য করতে এগিয়ে আসুন।
নিচে QR Code স্ক্যান করে মুক্তহস্তে দান করুন।

**A GENEROUS STEP TOWARDS THE GROWTH OF EDUCATION, PLEASE JOIN HANDS WITH US AND DONATE FOR 'ANKUR' OUR PRIMARY SCHOOL AT MADANPUR KHADAR FOR THE UNDERPRIVILEGED. OUR SUPPORT TODAY, CAN GIVE THEM WINGS TO REACH THE SKY TOMMORROW !**

Paytm Accepted Here

PLEASE SCAN THE QR CODE IF YOU WISH TO CONTRIBUTE FOR THIS NOBLE CAUSE. IN ORDER TO OBTAIN A RECEIPT PLEASE SHOW THE SCREEN SHOT OF THE TRANSACTION AT BENBAL ASSOCIATION MUKTADHARA OFFICE.

FOR FURTHER INFORMATION
CONTACT: 73034 54989

REGISTRATION No. 1295
of 1958-1959 UNDER SECTION 80G.
PAN: AAAAB0105G

উৎযাপন করে চলেছে। সুজিত কুমার চট্টোপাধ্যায়ের সক্রিয় ভূমিকায়, এবারের বার্ষিক মিলনোৎসবে, মর্ণিং ক্লাবের একমাত্র মুখপত্র ও সাহিত্য পত্রিকা প্রভাতী পত্রিকার পঞ্চদশ বার্ষিক সংখ্যা প্রকাশ হয়েছে।

গত ১৬ই মে, প্রেস ক্লাব অব ইন্ডিয়ার সযত্ন আয়োজনে, "রবীন্দ্র নজরুল সন্ধ্যা" শীর্ষক একটি অভিনব সাংস্কৃতিক অনুষ্ঠান পালিত হয়েছে। এই অনুষ্ঠানে ভারত ও বাংলাদেশের বিশিষ্ট সাংবাদিক ও দিল্লিস্থিত বাংলাদেশ দূতাবাসের উচ্চপদস্থ ডিপ্লোম্যাটসরা উপস্থিত ছিলেন। দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের তরফ থেকে সাধারণ সম্পাদক শ্রী প্রদীপ গাঙ্গুলী, প্রেস ক্লাবের সভাপতি শ্রী গৌতম লাহিড়ী মহাশয়কে বিশেষ সম্বর্ধনা জানান।

গত ১৭ই মে, চিত্তরঞ্জন পার্কের নেতাজী সুভাষ হলে, রাজধানী শহরের সুপরিচিত গানের দল, ঝর্ণাধারা আয়োজন করেছিল একটি অনবদ্য রবীন্দ্র নজরুল সন্ধ্যা। উক্ত অনুষ্ঠানে রাজধানী শহরের গুণী শিল্পীবৃন্দের আনন্দ অংশগ্রহণে, রবীন্দ্র নজরুলের কবিতা, গান, আবৃত্তি এবং নৃত্য সহযোগে একটু সুচারু অনুষ্ঠান উপহার দিয়েছেন উপস্থিত সকল দর্শককে।

গত ১৮ই মে, বিকেলে পূর্বাঞ্চল বঙ্গীয় সমিতির বিশেষ উদ্যোগে, ময়ূর বিহার ফেজ- ১ কালিবাড়ি প্রাঙ্গণে, রবীন্দ্রজয়ন্তী উপলক্ষ্যে, পাঁচঘন্টা ব্যাপী একটি অনবদ্য সাংস্কৃতিক সন্ধ্যায় প্রায় দুই শতাধিকেরও বেশি শিল্পী, রবীন্দ্রনাথের গান কবিতা নাট্যাংশ, প্রবন্ধাংশ পাঠ এবং নৃত্য পরিবেশন করেন। উদ্যোক্তাদের এই আয়োজনকে সাধুবাদ জানাই।

গত ১৯শে মে, সকালে চিত্তরঞ্জন পার্ক পূর্বাচল দুর্গাপূজা সমিতি, কবিগুরুর জন্মজয়ন্তী উপলক্ষ্যে, রবীন্দ্র নজরুল সন্ধ্যার আয়োজন করা হয়েছিল।

গত ২৫শে মে, শনিবার, দক্ষিণ দিল্লি কালিবাড়ি প্রাঙ্গণে সপ্তক সঙ্গীত গোষ্ঠীর সাথে যৌথ উদ্যোগে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ১২৫তম জন্মজয়ন্তী উপলক্ষ্যে একটি সঙ্গীত সন্ধ্যার আয়োজন হয়েছিল। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ হাইকমিশনের প্রেস মিনিস্টার জনাব শাবান মাহমুদ এবং দিল্লি প্রেস ক্লাবের সভাপতি শ্রী গৌতম লাহিড়ী। সেদিনের অনুষ্ঠানের দিল্লির কয়েকটি বিশিষ্ট সঙ্গীতের দল সহ রাজধানী শহরের গুণী শিল্পীবৃন্দ তাঁদের সেরা পরিবেশনে অংশ নিয়েছিলেন।

# Bengal Association

Reg. No.: S. 1295 of 1958 - 1959

Sanjeev Sanyal
Patron-in-Chief
Member of PM's Economic Advisory Council, Government of India

Tapan Roy
President

Prodip Ganguly
General Secretary

MUKTADHARA
Banga Sanskriti Bhawan
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi-110001
Ph. : 011-23344808, 23746315
E-mail : bengalassociation1819@gmail.com
Website : www.bengalassociation.com


16.05.2024

**-NOTICE**

Subject: Annual General Meeting of Bengal Association 2023-24.

The Annual General Meeting of the Bengal Association will be held on Sunday 30.06.2024 from 6 pm at Muktadhara, Banga Sanskriti Bhavan, 18-19 Bhai Veer Singh, Golemarket, New Delhi – 110001. The detailed agenda will follow shortly.

Kindly make it convenient to attend the meeting.

**Prodip Ganguly**
**(General Secretary)**

Due to prohibitive cost of postage the General Secretary's report has not been sent with this Notice. It will be available at the venue on the meeting day. However, those who wish to have the copy of the report before the meeting should kindly contact association office. The copy of the report will be available on request from 25.06.2024

Affiliated to ALL INDIA BENGALEE ASSOCIATION

গত ২৬শে মে, রবিবার, গুরুগ্রামের আরাবল্লী বেঙ্গলি কালচারাল সোসাইটির বিশেষ উদ্যোগে, আশিয়ানা আনমোল ক্লাব প্রাঙ্গণে রবীন্দ্র-নজরুল সন্ধ্যা উদযাপন করা হয়েছে।

সোসাইটির সদস্যরা সমবেত সঙ্গীত পরিবেশনা করে অনুষ্ঠানের মূল সুরটি বেঁধে দেন। অনন্য এই পরিবেশনার পর একে একে গানে, কবিতায়, নৃত্য পরিবেশনায় মুখর হয়ে ওঠে কমিউনিটি হল প্রাঙ্গণ। নাচ, গান, আবৃত্তি ও শ্রুতি নাটকে ভরপুর এই মনোজ্ঞ অনুষ্ঠান ছিলো আক্ষরিক অর্থে আমাদের সংস্কৃতিকে ধরে রাখার এক অনন্য প্রয়াস। উপস্থিত দর্শক শ্রোতাদের অকুন্ঠ প্রশংসায় সমগ্র অনুষ্ঠানের সাফল্য ছিলো প্রশ্নাতীত। প্রবাসে এমন একটি উদ্যোগের জন্য উদ্যোক্তাদের বিশেষ কৃতজ্ঞতা জানাই।

# একটি বিশেষ আবেদন

দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশন, রাজধানী দিল্লি এবং সন্নিহিত অঞ্চলের বাঙালিদের কাছে বিভিন্ন অনুষ্ঠানের খবরাখবর 'অ্যাসোসিয়েশন সংবাদ' নামক একটা মাসিক ক্ষুদ্র পত্রিকার মাধ্যমে আপনাদের কাছে তুলে ধরার চেষ্টা করে। যদি আপনারা নিজ এলাকার সাংস্কৃতিক সংবাদ, প্রত্যেক মাসের ২৫ তারিখের মধ্যে, আমাদের কাছে সযত্নে পাঠিয়ে সহযোগিতার হাত বাড়িয়ে দেন, তাহলে আমরা যথাসম্ভব সেই সমস্ত সংবাদ প্রকাশ করে সবার কাছে পৌঁছে দিতে সচেষ্ট হবো। আপনারা কোনো সাংস্কৃতিক সংবাদ, বাংলা, হিন্দি এবং ইংরেজি এই তিনটির যেকোনো ভাষায় আমাদের কাছে ই-মেল করে (associationsangbad@ gmail.com) অথবা আমাকে ব্যক্তিগত হোয়াটস্যাপ (রাজা চট্টোপাধ্যায় - 9810484734) মাধ্যমেও পাঠাতে পারেন।


©RajaC








নবীন
রঙে






রবীন্দ্র প্রভাতী অনুষ্ঠান




ব্যক্ত হোক জীবনের জয়, ব্যক্ত হোক তোমামাঝে অসীমের চিরবিস্ময়।


ব্যক্ত হোক জীবনের জয়, ব্যক্ত হোক তোমামাঝে অসীমের চিরবিস্ময়।




KORG






Editor and Publisher Shri Prodip Ganguly
Published on behalf of Bengal Association, New Delhi.
Designed & Composed by Roma Chakraborty, C.R. Park, 9213134487